গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রশাসন-৪ অধিশাখা
www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.০৮৪.১১.০০১.২২- ৩৫

তারিখ: ৫ মাঘ ১৪২৯
১৯ জানুয়ারি ২০২৩

অর্থ বিভাগের স্মারক নং- ০৭.০০.০০০০.০৮৪.১১.০০১.২২- ৮৭৩, তারিখ-২৪/১০/২০২২ খ্রি. মোতাবেক জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী বিভাগীয় নির্বাচন কমিটির ১৯/০১/২০২৩ তারিখের কার্যবিবরণীতে সুপারিশকৃত নিম্নবর্ণিত প্রার্থীগণকে (মেধার ভিত্তিতে) স্থায়ী শূন্য পদে নিম্নলিখিত শর্তসাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ করা হলো। যোগদানকৃত প্রার্থীগণ যোগদানের তারিখ হতে জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর বেতনক্রম এবং সরকারি বিধি অনুযায়ী বেতন ও অন্যান্য আনুষঙ্গিক ভাতাদি প্রাপ্য হবেন।

**ক) সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর :**

| মেধাক্রম | রোল | প্রার্থীর নাম |
|---|---|---|
| ১ম | ১১০০০৮৮৯ | ইয়াছমিন আক্তার |
| ২য় | ১১০০১৯৫০ | মোঃ শাহাদাৎ হোসেন |
| ৩য় | ১১০০১১০৭ | সাদ্দাম হোসেন |
| ৪র্থ | ১১০০১৯৫৯ | মোঃ রাজু আকন |
| ৫ম | ১১০০১৭১৭ | তাহমিনা আলম |
| ৬ষ্ঠ | ১১০০০৯৩৪ | মোঃ সোহরাব হোসেন |
| ৭ম | ১১০০১৯৭৭ | আলী আকবর |

**খ) অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক :**

| মেধাক্রম | রোল | প্রার্থীর নাম |
|---|---|---|
| ১ম | ১২০০৩০৯৫ | মোহাম্মদ ইকবাল হোসেন |
| ২য় | ১২০০০৭৯৫ | মোঃ রাসু সরকার |
| ৩য় | ১২০০০০২৩ | মোঃ আল আমিন |
| ৪র্থ | ১২০০১৫৮৭ | মোহাম্মদ রতন মিয়া |
| ৫ম | ১২০০১৬৭২ | সুবাস চন্দ্র রায় |
| ৬ষ্ঠ | ১২০০৩১৯৪ | তাজমীন আক্তার |
| ৭ম | ১২০০৩০৮৮ | রেক্সোনা খাতুন |

**গ) ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর :**

| মেধাক্রম | রোল | প্রার্থীর নাম |
|---|---|---|
| ১ম | ১৩০০১৫১৫ | নাদিম মুহাম্মদ জুয়েল |
| ২য় | ১৩০০৩০৭৮ | তনয় কুমার পাল |
| ৩য় | ১৩০০২৬৬২ | মোঃ মাঈন উদ্দীন |
| ৪র্থ | ১৩০০০১১৮ | মোঃ রুবেল মিয়া |
| ৫ম | ১৩০০২৬০১ | মোঃ আবদুর রহমান |
| ৬ষ্ঠ | ১৩০০৩২০৩ | জয়ন্ত সাহা |

০২। **শর্তাবলি :**

ক) সরকারি চাকুরিতে যোগদানের সময় সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্য পরীক্ষার সনদসহ ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি ও সকল সনদপত্রের সত্যায়িত ০১ (এক) কপি জমা প্রদান করতে হবে। স্বাস্থ্য পরীক্ষায় কোন প্রকার বিরূপ প্রতিবেদন পাওয়া গেলে তাঁর নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

খ) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং-৫৮.০০.০০০০.০৬২.৯৯.০০২.১৮.২৪০, তারিখ-১৮/০৯/২০১৮ খ্রি. তারিখ মোতাবেক চাকুরিতে প্রবেশের সময় স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা ক্ষেত্র বিশেষে তৎকর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার কর্তৃক স্বাস্থ্য বিষয়ক মাদকাসক্তি বিষয়ক সনদ (ডোপ টেস্ট) দাখিল করতে হবে;

গ) নিয়োগপ্রাপ্ত ব্যক্তির পূর্ব কার্যকলাপ সম্পর্কে পুলিশি প্রতিবেদনের জন্য সংশ্লিষ্ট জেলার পুলিশ সুপার (SB) এর কার্যালয় প্রেরণ করা হবে। পুলিশি তদন্ত প্রতিবেদন সন্তোষজনক না হলে এবং নিয়োগপ্রাপ্ত প্রার্থীর স্থায়ী ঠিকানা সম্পর্কে ভবিষ্যতে কোন প্রকার গরমিল প্রমাণিত হলে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে;

ঘ) চাকুরীতে যোগদানকালে তাকে যোগদান পত্রের সাথে ৩০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে এই মর্মে একটি অঙ্গীকার দাখিল করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

ঙ) The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপবিধি অনুযায়ী তাকে সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণী সম্বলিত একটি ঘোষণাপত্র চাকুরিতে যোগদানের সময় জমা দিতে হবে;

চ) চাকুরিরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট হতে ছাড়পত্র সংগ্রহ করে যোগদানপত্র দাখিল করতে হবে;

ছ) নিয়োগবিধির শর্তানুসারে যোগদানকৃত প্রার্থীগণ ০২ (দুই) বছর শিক্ষানবিস হিসেবে নিয়োজিত থাকবেন;

জ) যোগদানকৃত প্রার্থীদের চাকুরি প্রচলিত নিয়ম-নীতি এবং সংশ্লিষ্ট পদের নিয়োগবিধি অনুযায়ী পরিচালিত হবেন।

ঝ) চাকুরিতে ইস্তফা প্রদানকালে ০১ (এক) মাসের নোটিশ অথবা ০১ (এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ সরকারি কোষাগারে জমা দিতে হবে;

ঞ) চাকুরিতে যোগদানের পরে দাখিলকৃত কোন সনদপত্র/তথ্যাদি পরবর্তীতে অসত্য প্রমাণিত হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে;

ট) এ অফিস আদেশে সুনিদিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকুরি নিয়ন্ত্রিত হবে

ঠ) চাকুরিতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ ভাতা প্রদান করা হবে না;

ড) উপরিউক্ত শর্তাবলি পূরণ সাপেক্ষে **সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর ০৫/০২/২০২৩ তারিখ, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ০৬/০২/২০২৩ তারিখ, ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর ০৭/০২/২০২৩ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় অর্থ বিভাগের যুগ্মসচিব (প্রশাসন) [দৃ: আ: উপসচিব, প্রশাসন-৪]** বরাবর যোগদান করতে হবে। নির্ধারিত তারিখে চাকুরিতে যোগদান না করলে তিনি চাকুরিতে যোগদানে সম্মত নন বলে ধরে নেওয়া হবে এবং তাঁর নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।

০৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(বিশ্বজিৎ ভট্টাচার্য্য খোকন, এনডিসি)
অতিরিক্ত সচিব
ও সভাপতি
বিভাগীয় নির্বাচন কমিটি
অর্থ বিভাগ।

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। অতিরিক্ত সচিব (প্রশাসন ও টিডিএম), অর্থ বিভাগ।

৩। অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়), অর্থ বিভাগ।

৪। যুগ্মসচিব (প্রশাসন), অর্থ বিভাগ।

৫। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ।

৬। যুগ্মসচিব (সচিবালয় নিরাপত্তা শাখা), বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রার্থীদের বাংলাদেশ সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের অনুরোধ করা হলো)।

৭। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, অর্থ বিভাগ, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, এফএসএমইউ, অর্থ বিভাগ (অর্থ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৯। অফিস কপি/গার্ড ফাইল।

২১/০১/২০২৬

(সারোয়ার আহমেদ সালেহীন)
উপসচিব
ও সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি
অর্থ বিভাগ।